দৈনিক
ইত্তেফাক

তারিখ ... JUN 22 2006 ...
পৃষ্ঠা ১৫ কলাম ৬.....

# অস্ট্রেলিয়া ৩ পার্বত্য জেলার ১০০ ছাত্র-ছাত্রীকে বৃত্তি দেবে

।। বান্দরবান সংবাদদাতা ।।

অস্ট্রেলিয়া চলতি বছর থেকে ২০১০ সাল পর্যন্ত পাঁচ বছর বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলার ১০০ ছাত্র-ছাত্রীকে অস্ট্রেলিয়ার উচ্চ শিক্ষার জন্য বৃত্তি দেবে। এজন্য এখাতে অস্ট্রেলিয়া সরকার ১ কোটি অস্ট্রেলিয় ডলার (প্রায় ৫২ কোটি জানায়, পার্বত্য চট্টগ্রামের এই তিন পার্বত্য জেলার মেধাবী ছাত্র-ছাত্রীদের অস্ট্রেলিয়ার বৃত্তি প্রদানের লক্ষ্যে গত ৮ জুন অস্ট্রেলিয়া সরকার এবং ইউএন ডিপি (জাতিসংঘ উন্নয়ন সংস্থা) এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষর করে। অস্ট্রেলিয়া

(১৬শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## অস্ট্রেলিয়াও

(১৫শ পৃঃ পর)

দূতাবাস কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত রাষ্ট্রদূত ডগলাস যাসকেট ও ইউএনডিপির আবাসিক প্রতিনিধি রেনাটা লক দেসালিয়েন নিজ নিজ পক্ষে এ চুক্তি স্বাক্ষর করেন।

ইউএনডিপির আবাসিক প্রতিনিধি রেনাটা বলেন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন ফ্যাসিলিটির মাধ্যমে প্রতিবছর স্নাতক, স্নাতকোত্তর ও স্বল্পমেয়াদি শিক্ষার জন্য ২০টি বৃত্তি প্রদান করা হবে। এই বৃত্তি পার্বত্য চট্টগ্রামের জনগণকে তাদের নিজেদের উন্নয়ন ত্বরান্বিত করতে আত্মবিশ্বাস যোগাবে।